গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com
EIIN NO: 127043, COLLEGE CODE : 1032, SCHOOL CODE: 1975

তারিখ : ০২/০৩/২০২০ খ্রি.

# যৌন হয়রানি সম্পর্কিত
# বিজ্ঞপ্তি

মহামান্য আদালতের রিট পিটিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠিত হয়েছে। কমিটি তার কার্যাবলীর অংশ হিসেবে ২৪/০৪/২০১৯ খ্রি. তারিখে সদস্যবৃন্দ নিয়ে কর্ম পরিকল্পনা, কাজের পরিধি ও যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে সার্বিক সচেতনতা বৃদ্ধির লক্ষে আলোচনা করে কর্মপন্থা নির্ধারণ করে। যৌন হয়রানি প্রতিরোধ ও সচেতনতা বৃদ্ধির অংশ হিসেবে গত ২৬/১০/২০১৯ খ্রি. তারিখে প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী নিয়ে অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: আকবর হোসেনের সভাপতিত্বে এবং যৌন হয়রানি প্রতিরোধ কমিটির উদ্যোগে এক সাধারণ সভা আয়োজন করা হয়। উক্ত সভার শুরুতে যৌন হয়রানি প্রতিরোধ ও শিক্ষার্থীদের এই মর্মে সচেতনতা বৃদ্ধিতে সরকারের সদিচ্ছার কথা ব্যক্ত করা হয় এবং প্রসঙ্গক্রমে তিনি সহকর্মীদের মধ্যে সুষ্ঠু সম্পর্ক বিদ্যমান থাকা ও অনাকাঙ্খিত কোন ঘটনা না ঘটে এ ব্যাপারে সার্বিক গুরুত্ব প্রদান করে বক্তব্য উপস্থাপন করেন। উক্ত সভায় যৌন হয়রানি প্রতিরোধ কমিটির আহবায়ক জনাব মোসা: বিলকিছ বানু যৌন হয়রানি কমিটির কার্য পরিকল্পনা বিস্তারিত বর্ণনা করেন। কমিটির সদস্য জনাব মো: মোস্তাফিজুর রহমান যৌন হয়রানি কাকে বলে, যৌন হয়রানি কারা সংঘটিত করে, কারা শিকার হয় ও কিভাবে হয়রানি প্রতিরোধ ও সচেতনতা বৃদ্ধি করা যায় বিষয়ে দীর্ঘ আলোচনা করেন। তিনি সহকর্মীদের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলা, সবার প্রতি সবার সম্মান জনক আচরণ করা, এক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের সাথে যথাযথ দূরত্ব বজায় রেখে তাদের সাথে কথা-বার্তা বলা ও শিক্ষাদান করার জন্য সকলকে অবহিত করেন। উক্ত সভায় শিক্ষকগণ শৃংখলা ভঙ্গ কারী ছাত্র-ছাত্রী চিহ্নিত করার ব্যাপারে শ্রেণি শিক্ষক, শৃংখলা কমিটির সদস্যগন ও ভিজিলেন্স টিমের সদস্যগণকে সমন্বয় পূর্বক শৃংখলা বজায় রাখার লক্ষে কাজ করার ব্যাপারে তাগিদ দেন। আলোচনায় প্রতিষ্ঠানের আইন শৃংখলার প্রতি হুমকি এমন ছাত্র-ছাত্রীদের চিহ্নিত করার বিষয়ে শ্রেণি শিক্ষক ও ক্লাস ক্যাপ্টেনদের সচেতন থাকার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। আলোচনায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি, প্রতিষ্ঠানিক শৃংখলার প্রতি আনুগত্য ও অভিভাবকদের সার্বিক বিষয়ের সম্পৃক্ত করণের মাধ্যমে প্রতিষ্ঠানের শৃংখলা ও পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে নেওয়ার বিষয়ে সকলকে কার্যকরী ভূমিকা রাখতে হবে এই মর্মে আহবান জনানো হয়।

বিলকিছ ০২/০৩/২০২০

(মোসা: বিলকিছ বানু)
সহকারী অধ্যাপক, যুক্তিবিদ্যা
ও
আহবায়ক
যৌন হয়রানি প্রতিরোধ কমিটি
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।